

ৰেচিট্ৰ



শ্ৰী অনিৰ্বান ৰায় চৌধুৰী

Copyright © 2020, শ্রী অনির্বান রায় চৌধুরী
All rights reserved.

No part of this publication may be reproduced or transmitted in any form or by any means, electronic or mechanical, including photocopy, recording or any information storage and retrieval system now known or to be invented, without permission in writing from the publisher, except by a reviewer who wishes to quote brief passages in connection with a review written for inclusion in a magazine, newspaper or broadcast.

Published by Prowess Publishing,
YRK Towers, Thadikara Swamy Koil St, Alandur, Chennai,
Tamil Nadu 600016

ISBN: 978-81-945987-0-1

Library of Congress Cataloging in Publication

সুচিপত্র

ভয়

ভবিষ্যৎ

সন্ন্যাসিনী

ডাক্তার

বাবা

সোলজার

বন্ধুভাগ্য

মা

শুভবসন্ত

মহাশূন্য

অবক্ষয়

ভুঁড়ি

ভালোবাসা

অঙ্গীকার

লড়াই

কুপ্রথা

মুখোশ

জিতেশ্যক

প্রেমের কবিতা

ভয়

মানুষ আবার মুক্ত হবে এই মহামারি শেষে
সভ্যতা ঠিক উঠবে হেসে ফের বিজয়ীর বেশে।
তবু যেন এই আতঙ্ক থাকে, শ্রেণিহীন ভয় থাক
সভ্যতা জেগে উঠলেও প্রকৃতি শান্তি পাক।

যেন আর না হয় দূষণ এই সভ্যতা নামে
নির্বিচারে জীব হত্যা এর পর যেন থামে।
মেশিনগান, বন্দুক এবার হোক গুলি বিহীন
সাম্যবাদি সমাজ হোক, হোক সে শ্রেণিহীন।

ধর্মের নামে, জাতির নামে অনাচার শেষ হোক
ভেদাভেদের উর্ধে মানুষ, শ্রেষ্ঠ প্রমান হোক।
দেশের সীমান্ত মুছে যাক, সব মিলেমিশে একাকার
এক পৃথিবী হোক সবার, হোক একটাই সংসার।

তাই তো বলি আতঙ্ক থাক, থাক মৃত্যুর ভয়
ক্ষতি কি তাতে যদি সমাজের এইটুকু লাভ হয়।
শ্রেণিহীন ভয় একতা এনেছে, পাল্টে দিয়েছে দৃষ্টি
মনে থাক ভয়, সে করুক না হয়, সাম্যবাদের সৃষ্টি !

ভবিষ্যৎ

বোমার আঘাতে হয়ে ছিন্ন ভিন্ন -
শরীরে হাজার ক্ষত শতাব্দী জীর্ণ ।
সিরিয়ান শিশু এক করে চিৎকার-
বলেছিল - "ঈশ্বর ! সব জানাবো এবার"।

বোমা ফেলেছিল যারা, তারা কি জানেনা,
কোনদিন এ ভুলের ক্ষমা যে হবেনা,
সভ্যতা যদি মরে -এমন -ই লুটায় -
তাহলে বরঞ্চ আসুক প্রলয়।

যদি দিতে নাহি পারি সুনীল আকাশ,
ধ্বংসই যদি প্রতিনিয়ত প্রকাশ,
আগামী প্রজন্ম যে করবেনা ক্ষমা
সেটা আগে ভেবে তবে হাতে তুলো বোমা।

পেরেছো বুঝতে কি যবে মৃত্যু নিকট ?
ঈশ্বর -ই আজকে হলেন প্রকট !
আজ কেন মিছে ভাবো কি ভুল করেছো
অঙ্কুরে মানবতা বিনাশ করেছো।

ধ্বংসের আগে তাই একটু ভেবো -
আগামীকে কি উপহার টি দেবো-
শিশুর কান্না না কি হাসি একরাশ,
জীবনের মালা নাকি মৃত্যুর ফাঁস।

সন্ন্যাসিনী

স্নিগ্ধ শান্ত রূপ আর মুখে দীপ্ত জ্যোতি,
আমার প্রেমাঙ্ঘুত মন- তাতে তোমার কি ক্ষতি?
তোমার প্রেমে পড়ে ওগো সন্ন্যাসিনী,
পূর্ণতাকে আমি আরো গভীর ভাবে চিনি।

আজ তুমি মোর দ্বারে ভিখারিনীর বেশে
উত্তর খুঁজে পেলাম নিজের ঘরেই শেষে।
পেলাম খুঁজে আমি শান্তির প্রতিমূর্তি
তোমার মাঝেই জেনো খুঁজে পেলাম মুক্তি।

শূন্য হাতে এলে তবু পূর্ণ করে গেলে
অতল সমুদ্রে যেমন নদীর ধারা মেলে-
হারিয়েছি আজ আমি ওই অসীম আকাশে
অর্ক সম তব দীপ্তি আজি যেথায় প্রকাশে।

হৃদয়ে মোর আজি এক অনুভূতি অজানা
সন্ন্যাসিনী - তুমি মোর প্রেম নাম না জানা
মায়া মোহো সবই ত্যাগীব হাসি হাসি
সন্ন্যাসিনী, ওগো আমি তোমারি তপ্যস্বী।

You've Just Finished your Free Sample

Enjoyed the preview?

Buy: <http://www.ebooks2go.com>